



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।

সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/২৩

তারিখ : ২৩ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৩৩ তম কমিশন সভা অদ্য ০৭/০৩/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

১. জাহীন স্পিনিং লিমিটেড (Zaheen Spinning Limited) এর রাইট শেয়ার এর প্রস্তাব (১রা:১ অর্থাৎ বিদ্যমান একটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি রাইট শেয়ার) কমিশন অনুমোদন করেছে। এই রাইট শেয়ার অনুমোদনের ফলে জাহীন স্পিনিং লিমিটেড ৯,৮৫,৫২,৭০০ টি সাধারণ শেয়ার ফেস ভ্যালুতে অর্থাৎ প্রতিটি ১০.০০ টাকা মূল্যে বিদ্যমান শেয়ার হোল্ডারদের কাছ থেকে পুঁজি উত্তোলনের অনুমতি পেল। এর মাধ্যমে কোম্পানিটি মোট ৯৮,৫৫,২৭,০০০.০০ টাকা পুঁজি উত্তোলন করে ব্যবসায় সম্প্রসারণ, চলতি মূলধন এবং আংশিক ঋণ পরিশোধ করবে। রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী (জুন ৩০, ২০১৭ অনুযায়ী) কোম্পানিটির শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV) টাকা ১৪.০৭ এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ১.৩৯। উল্লেখ্য যে, জিএসপি ইনভেস্টমেন্টস লিমিটেড এবং এমটিবি ক্যাপিটাল লিঃ উক্ত রাইটস শেয়ার ইস্যুর ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করছে।
২. সাউথ ইষ্ট ব্যাংক লিঃ এর ৫০০ কোটি টাকার Non-convertible Floating Rate Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ০৭ বছর। এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে full redemption হবে, যা শুধুমাত্র স্থানীয় আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট বন্ডি, ফান্ড সমূহ এবং অন্যান্য যোগ্য বিনিয়োগকারীগণের মধ্যে প্রাইভেট প্রেসমেন্টের মাধ্যমে ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে সাউথ ইষ্ট ব্যাংক লিঃ Tier II Capital Base এর শর্ত পূরণ করবে। সাউথ ইষ্ট ব্যাংক লিঃ, Non-convertible Floating Rate Subordinate Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা। এই বন্ডের ট্রাস্টি হিসাবে কাজ করছে গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ।
৩. চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর এক বছরের জন্য সময় বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে এক্সচেঞ্জ ডিমিউচুয়ালাইজেশন আইন, ২০১৩ এর ১৪(১) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে কমিশন চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিমিটেডকে কৌশলগত বিনিয়োগকারীর সাথে চুক্তি সম্পাদনপূর্বক এতদসংক্রান্ত সকল কার্যাদি সম্পন্ন করার জন্য আগামী ০৮ মার্চ, ২০১৯ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধির সিদ্ধান্ত গ্রহণ করেছে।
৪. অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড BCB ICL Growth Fund -এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন প্রদান করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ২৫ কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১০ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ১৫ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এবং সম্পদ ব্যবস্থাপক ইমপ্রেস ক্যাপিটাল লিমিটেড। এছাড়াও ফান্ডটির ট্রাস্টি হিসেবে কাজ করছে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে ব্রাক ব্যাংক লিমিটেড।


০৭/০৩/২০১৮

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।